



প্রিন্ট: ২৬ নভেম্বর ২০২৪, ১১:৩৯ এএম

## শিক্ষাঙ্গন

# ‘মেগা মানডে’, মাহবুবুর রহমান মোল্লা কলেজে হামলা-ভাঙচুর

Icon যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ২৫ নভেম্বর ২০২৪, ০১:৪২ পিএম

‘মেগা মানডে’, মাহবুবুর রহমান মোল্লা কলেজে হামলা-ভাঙচুর

‘ভুল চিকিৎসায়’ রাজধানীর ড. মাহবুবুর রহমান মোল্লা কলেজের শিক্ষার্থী অভিজিতের মৃত্যু হয়। এ ঘটনার বিচার দাবিতে মোল্লা কলেজসহ ঢাকার ৩৫টি কলেজের শিক্ষার্থীরা রোববার একজোট হয়ে ন্যাশনাল মেডিকেল কলেজ, কবি নজরুল সরকারি কলেজ ও সোহরাওয়ার্দী কলেজে হামলা ও ভাঙচুর চালান।

এর প্রতিবাদে মোল্লা কলেজে হামলা ও ভাঙচুর চালিয়েছেন কবি নজরুল ও সোহরাওয়ার্দী কলেজের শিক্ষার্থীরা। তারা আজকের কর্মসূচির নাম দিয়েছেন ‘মেগা মানডে’।

আলটিমেটাম অনুযায়ী সমাধান না পাওয়ায় সোমবার সকাল ১০টা থেকে তারা বাহাদুর শাহ পার্কের সামনে লাঠিসোটা নিয়ে জড়ো হতে থাকেন। পরে বেলা সাড়ে ১১টার দিকে সাত কলেজের শিক্ষার্থীদের সঙ্গে জড়ো হতে রায়সাহেব বাজারের দিকে অগ্রসর হতে থাকেন তারা।

পরে দুপুর সাড়ে ১২টার দিকে কিছু শিক্ষার্থী মোল্লা কলেজের ভেতরে ঢুকে বিভিন্ন স্লোগান দিয়ে হামলা ও ভাঙচুর করেন। এসময় রাস্তার বিপরীত পাশে মোল্লা কলেজের শিক্ষার্থীরা অবস্থান নিতে দেখা গেছে। সবশেষ খবর পাওয়া পর্যন্ত (দুপুর সাড়ে ১২টা) দুপক্ষের মধ্যে ধাওয়া পালটা ধাওয়া চলছিল।

এদিকে ঘটনাস্থলে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কোনো সদস্যকে তেমন কোনো ভূমিকায় দেখা যায়নি বলে অভিযোগ সাধারণ মানুষ।

সোহরাওয়ার্দী কলেজের শিক্ষার্থীরা বলেন, গতকাল ড. মাহবুবুর রহমান মোল্লা কলেজের শিক্ষার্থীদের নেতৃত্ব ঢাকার বেশ কয়েকটি কলেজ একত্রিত হয়ে কবি নজরুল ও সোহরাওয়ার্দী কলেজে হামলা ও ভাঙচুর চালায়। এ ঘটনায় সোহরাওয়ার্দী কলেজের অনেক ক্ষয়ক্ষতি হয়ে গেছে। গতকাল রাত থেকে আজ সকাল ১০টা পর্যন্ত প্রশাসনকে সময় দিয়েছিলাম এ ঘটনার সুষ্ঠু একটা সমাধান করার জন্য। কিন্তু আমাদের দেওয়া সময়ের ভেতর তেমন কোনো পদক্ষেপ নেয়নি তারা। তাই আমরা আজ একত্রিত হয়েছি। আমরা শুনেছি মাহবুবুর রহমান মোল্লা কলেজের শিক্ষার্থীরা একত্রিত হচ্ছে আমরা এখন সেখানে যাব। আমাদের সঙ্গে রায়সাহেব বাজারে ও যাত্রাবাড়ী সাত কলেজের অন্য শিক্ষার্থীরা যুক্ত হবে।

এদিকে কবি নজরুল সরকারি কলেজের অধ্যক্ষ অধ্যাপক ড. মো. হাবিবুর রহমানকে মাইকিং করতে দেখা গেছে। তিনি বলেন, তোমরা শান্ত হও, তোমাদের সঙ্গে আমরা আছি। গতকালকের ঘটনায় অনুপ্রবেশকারীরা ছিল, আজও এখানে অনুপ্রবেশকারী আছে বলে মনে হচ্ছে। ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে কমিটি আসবে, সোহরাওয়ার্দী কলেজকে বলতে চাই গতকালকের ঘটনায় সুষ্ঠু বিচার হবে।